

BIAC

Bangladesh International Arbitration Centre (BIAC)

The Institution for Alternative Dispute Resolution

Volume: 2 Number: 4

BIAC Quarterly Bulletin

October - December 2013

Congratulations to Bangladesh's first Internationally-Accredited Mediators

In cooperation with the Centre for Effective Dispute Resolution (CEDR), UK, two Mediation Accreditation Courses were organized by BIAC during end-August and early-September. The first session was held from 26-29 August, 2013 while the second event was held from 31 August-5 September 2013. The course is similar to that offered by CEDR at their headquarters in London. Within two weeks of the close of training, the trainees appeared at assessment exercises by e-mail, and were evaluated by CEDR.

Those who completed the CEDR Course are named on the BIAC website (<http://biac.org.bd/biac-certificate-recipients/>). Short profiles of several certificate-recipients are also available on the website; hopefully, the profiles of the others can be made available soon.

BIAC is delighted to announce that as many as eleven participants have been accepted by CEDR as Accredited Mediators. This is a proud distinction; as the recipient of an internationally-recognized accreditation, they join a very select group. It is hoped that they will assist in effective implementation of the recent changes in our laws to provide for mediation of selected disputes.

বাংলাদেশের প্রথম আন্তর্জাতিক এক্রেডিটেড মেডিয়েটরদের অভিনন্দন

গত আগস্ট-সেপ্টেম্বর মাসে সেন্টার ফর ইফেক্টিভ ডিসপিউট রিজলিউশন (সিডর), ইউ কে এর সহযোগিতায় বিয়াক দুটি মেডিয়েশন এক্রেডিটেশন কোর্স এর আয়োজন করে। এর প্রথম কোর্সটি ২৬-২৯ আগস্ট এবং দ্বিতীয় কোর্সটি ৩১ আগস্ট-৫ সেপ্টেম্বর ২০১৩ এ আয়োজন করা হয়েছিল। এ কোর্সগুলো ছিল লন্ডনে সিডর আয়োজিত মেডিয়েশন এক্রেডিটেশন কোর্স এর অনুরূপ। এ প্রশিক্ষণ সমাপ্তির দু সপ্তাহের মধ্যে প্রশিক্ষনার্থীগণ ই-মেইল যোগে একটি মূল্যায়ন অনুশীলনে অংশগ্রহণ করেন, যা সিডর, লন্ডনে পরীক্ষিত হয়।

যারা সম্পূর্ণ কোর্স এ অংশগ্রহণ করেছিলেন তাদের নাম বিয়াক এর ওয়েবসাইটে (<http://biac.org.bd/biac-certificate-recipients/>) এ অন্তর্ভুক্ত করা হয়েছে। কয়েকজন সার্টিফিকেট প্রাপকের সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত ও ইতিমধ্যে বিয়াকের ওয়েবসাইটে রাখা হয়েছে। আশা করা যাচ্ছে যে শীঘ্রই অবশিষ্ট অংশগ্রহণকারীদের জীবন বৃত্তান্তও প্রাপ্তি সাপেক্ষে বিয়াকের ওয়েবসাইটে রাখা সম্ভব হবে।

বিয়াক আনন্দের সাথে জানাচ্ছে যে বিয়াকের প্রশিক্ষনার্থীদের মধ্য হতে এগারো জন সিডর কর্তৃক এক্রেডিটেড মেডিয়েটর হিসাবে প্রত্যায়িত হয়েছেন। এক্রেডিটেড মেডিয়েটর হিসাবে আন্তর্জাতিক স্বীকৃতি অত্যন্ত শ্রদ্ধার বিষয়। এ সম্মাননা তাদের একটি অত্যন্ত মর্যাদা সম্পন্ন গৌরব অর্জিত করেছে। আশা করা হচ্ছে যে তারা এ দেশে সাম্প্রতিক কালে সংশোধিত আইন অনুসরণে বিরোধ নিষ্পত্তিতে মেডিয়েটর হিসাবে কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হবেন।

বিয়াক বর্তমানে মেডিয়েশন রুলস চূড়ান্ত করণের কাজ করছে। এ মেডিয়েশন রুলস প্রণয়ন কাজ সম্পন্ন হলে, তা এ দেশে বাণিজ্যিক বিরোধ নিষ্পত্তিতে মেডিয়েশন কার্যপদ্ধতি নির্ধারণ করবে।

On other pages

Basic Arbitration Training

Advanced Arbitration Training

Closing Ceremony of Arbitration Trainings

Training on Negotiation for Foreign Ministry Officials

Briefing Session for Electronic Media Journalists

Arbitration Training dates shifted

Beware The Discretionary Choices of Arbitrators by Gus Van Harten

BIAC is in the process of finalizing its Mediation Rules. When completed, these Rules will provide the frame work for the use of mediation in the settlement of business disputes.

Basic Arbitration Training


In cooperation with the International Law Institute (ILI), Washington DC, and with the support of International Finance Corporation (IFC) BIAC organized a five-day Basic Arbitration Training from 20-24 October 2013.

The programme was inaugurated by the BIAC Chief Executive Toufiq Ali, who explained the rationale for the training, and highlighted its relevance for the participants. Important statement was also made by ILI Representative Carlos Davila, who came from Washington DC for the event. He said that it is a rare opportunity for the participants to get such high level of arbitration training at Dhaka. He requested the participants to extract all they can get from the programme so that they themselves,



as well as their organizations, benefit from the training.

Forty-one participants, drawn from different private and nationalized banks, law chambers, corporate houses, etc. participated in this training programme. A number of lawyers also attended the course, out of a desire to further sharpen their skills in



বেসিক আরবিট্রেশন ট্রেনিং

বিশ্ব ব্যাংক প্রতিষ্ঠান ইন্টারন্যাশনাল ফিন্যান্স কর্পোরেশনের সহায়তায় বিগত ২০ হতে ২৪ অক্টোবর ২০১৩ পর্যন্ত বেসিক আরবিট্রেশন ট্রেনিং কর্মসূচীটি যৌথভাবে আয়োজন করেছে বাংলাদেশ ইন্টারন্যাশনাল আরবিট্রেশন সেন্টার (বিয়াক) ও ইন্টারন্যাশনাল ল ইনস্টিটিউট (আই এল আই), ওয়াশিংটন ডিসি।

কর্মসূচী উদ্বোধন করেন বিয়াকের প্রধান নির্বাহী ড. তৌফিক আলী।

এ প্রশিক্ষণ কর্মসূচীর যৌক্তিকতা ব্যাখ্যা করে তিনি অংশগ্রহণকারীদের এ প্রশিক্ষণের প্রাসঙ্গিকতার উপর গুরুত্বারোপ করেন। উদ্বোধনী অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন আই এল আই এর প্রতিনিধি কার্লোস ডাভিলা- তিনি এ প্রশিক্ষণ কর্মসূচীতে প্রশিক্ষক হিসাবে দায়িত্ব পালনের জন্য ওয়াশিংটন ডিসি হতে আগমন করেন। তিনি বলেন ঢাকায় এ ধরনের উচ্চ মানের কর্মসূচীতে অংশগ্রহণের বিরল সুযোগ লাভ অত্যন্ত সৌভাগ্যের বিষয়। তিনি আশা করেন অংশগ্রহণকারীগণ এ সুযোগের সদ্ব্যবহার করে নিজে ও তাদের স্ব স্ব প্রতিষ্ঠানকে উপকৃত করতে সমর্থ হবেন।

Arbitration and to take advantage of the opportunities that BIAC has to offer.

Advanced Arbitration Training

The Advanced Arbitration Training was held from 27-31 October 2013, with thirty-nine participants. The 5-day training programme was held at Ruposhi Bangla Hotel from 9.30 am to 5.30 pm every day. The occurrence of hartals during this training did not deter the participants – all of them attended the programmes with keen enthusiasm. An interesting feature of this training was the numerous exercises and group studies. Participants sat for an assessment test at the end of the course. After successful completion of the training and assessment test, certificates were issued jointly by BIAC and ILI.



Closing Ceremony of Arbitration Trainings

BIAC arranged the closing ceremony of arbitration trainings on 31st October, 2013 for participants of both Basic and Advanced Arbitration Training courses. The Chief Guest at the closing ceremony was Hon'ble Barrister Shafique Ahmed, Minister for Law, Justice & Parliamentary Affairs and the Special Guests were H.E. Ambassador William Hanna, Head of EU Delegation in Bangladesh and Mr. Kyle Kelhofer, Country Director of IFC.

এ প্রশিক্ষণ কর্মসূচীতে বিভিন্ন সরকারী ও বেসরকারী ব্যাংক, ল চেম্বার ও বাণিজ্যিক সংস্থা হতে মনোনীত সর্বমোট একচল্লিশ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করছেন। বেশ কয়েকজন আইনজীবী এ প্রশিক্ষণ কোর্স এ অংশ গ্রহণ করেন। তাঁরা বিয়াকের এ কোর্সে অংশগ্রহণ করে আরবিট্রেশন বিষয়ে তাঁদের দক্ষতা উন্নয়নের প্রত্যাশী।

এডভান্সড আরবিট্রেশন ট্রেনিং

পাঁচ দিন ব্যাপী বিয়াকের এডভান্সড আরবিট্রেশন ট্রেনিং বিগত ২৭-৩১ অক্টোবর ২০১৩ তারিখে রাজধানীর রূপসী বাংলা হোটেলে অনুষ্ঠিত হয়। এ প্রশিক্ষণ কর্মসূচী প্রতিদিন সকাল সাড়ে ন টায় শুরু হয় ও বিকাল সাড়ে পাঁচটায় শেষ হয়। প্রশিক্ষণ কর্মসূচী চলাকালে সকাল-সন্ধ্যা হরতাল থাকলেও সকল প্রশিক্ষণার্থী যথাসময়ে উপস্থিত হন এবং পূর্ণ উদ্যমে প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করেন। এ প্রশিক্ষণ কর্মসূচীর উল্লেখযোগ্য দিক হলো এতে ছিল অনেক অনুশীলন ও দলগত কার্যক্রম। কর্মসূচীর সফল সমাপ্তিতে প্রশিক্ষণার্থীগণ কে বিয়াক ও আই এল আই এর সার্টিফিকেট প্রদান করা হয়।

আরবিট্রেশন প্রশিক্ষণ কর্মসূচীর সমাপনী অনুষ্ঠানে

বিগত ৩১ অক্টোবর ২০১৩ তারিখে বাংলাদেশ ইন্টারন্যাশনাল আরবিট্রেশন সেন্টার (বিয়াক) দুই সপ্তাহ ব্যাপী পরিচালিত বেসিক ও এডভান্সড আরবিট্রেশন প্রশিক্ষণ কর্মসূচীর সমাপনী অনুষ্ঠানের আয়োজন করে। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আইনমন্ত্রী ব্যারিস্টার শফিক আহমেদ। এ কর্মসূচী আয়োজনে কারিগরী সহায়তা প্রদান করে গয়াশিংটন ডিসি ইন্টারন্যাশনাল ল ইন্সটিটিউট (আই এল আই) এবং সমর্থন প্রদান করে বিশ্ব ব্যাংক প্রতিষ্ঠান ইন্টারন্যাশনাল ফিন্যান্স কর্পোরেশন (আই এফ সি)। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ইউরোপীয় ইউনিয়নের হেড অব ডেলিগেশন এ্যাম্বেসেডর উইলিয়াম হানা ও আইএফসির কান্ট্রি ডিরেক্টর কাইল কেলহফার।

Law Minister Barrister Shafique Ahmed, in his speech as Chief Guest, stated that an efficient dispute resolution mechanism in the country boosts confidence of businessmen and investors and helps economic development of the country. As we have dearth of qualified manpower trained in ADR methods, specially arbitration, such training programmes are vital. He also stated that the Government is sincere and committed to seeing that cases are resolved expeditiously. He was already in touch with Government departments to ensure that they use BIAC facilities for resolving their disputes. BIAC has already set very high standards, which will attract domestic and foreign investors. He complimented the trainees and stated that their participation will assist their companies in settling disputes out of courts.

H.E. Ambassador William Hanna, Head of EU Delegation, stated that the EU is working in three broad areas in Bangladesh: trade, development, and democracy & institution-building. Institution-building is one of the most challenging tasks, and he was delighted that the EU support to BIAC is turning out to be effective. He also hoped that Bangladesh will soon be able to climb out of the LDC category.

Kyle Kelhofer, Country Director of IFC said that the IFC is delighted to support BIAC. In fact, the IFC frequently refers to BIAC as a successful model of their programmes in Bangladesh. Arbitration and mediation through BIAC will reduce the cost of doing business in Bangladesh. Carlos Davila of the International Law Institute (ILI) complimented BIAC for choosing trainees who are very committed. A representative of the participants, Shahrina M Choudhury, thanked BIAC for arranging the high quality training programme in arbitration.

While presiding over the concluding ceremony, Rokia A. Rahman, BIAC Council Member & President MCCI observed that Bangladesh Courts are over-burdened with a stockpile of cases. Furthermore, our court system is geared to treating cases in the traditional manner, and is not able to respond to the urgent needs of businesses that the modern economy requires.

বিরোধ নিষ্পত্তির কার্যকর ব্যবস্থা ব্যবসায়ী ও বিনিয়োগকারীগণের আস্থা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ অবদান রাখে, যা চূড়ান্ত বিশ্লেষণে দেশের অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করবে। যেহেতু আমাদের দেশে আরবিট্রেশন বিষয়ে প্রশিক্ষিত ও দক্ষ জনবলের ঘাটতি রয়েছে, এ বিষয়ে সক্ষমতা অর্জন আমাদের অর্থনৈতিক উন্নয়নের জন্য জরুরি- অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ প্রদান কালে আইনমন্ত্রী এ কথা বলেন। তিনি আরও বলেন যে সরকার মামলার দ্রুত নিষ্পত্তিতে অত্যন্ত আন্তরিক ও প্রতিশ্রুতিবদ্ধ। তিনি ইতোমধ্যে বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানকে বিরোধ নিষ্পত্তি বিষয়ে বিয়াক এর আরবিট্রেশন ও মেডিয়েশন সুবিধাদি সম্পর্কে অবহিত করেছেন। বিয়াক আরবিট্রেশন ও মেডিয়েশন বিষয়ে উন্নতমানের সুবিধাদি সৃষ্টি করছে, যা দেশী ও বিদেশী উদ্যোক্তা ও বিনিয়োগকারীগণকে আকৃষ্ট করতে সমর্থ হবে।

তিনি প্রশিক্ষণার্থীদের ধন্যবাদ জানান এবং তাঁদের অবদানের ফলে তারা যেসব প্রতিষ্ঠানে কাজ করেন সেগুলোও লাভবান হবে বলে মন্তব্য করেন।



ইউরোপীয় ইউনিয়নের হেড অব ডেলিগেশন এ্যাঙ্গেসেডর উইলিয়াম হানা বিশেষ অতিথির ভাষণে বলেন বাংলাদেশে ইউরোপীয় ইউনিয়ন বাণিজ্য, উন্নয়ন ও গণতন্ত্র এবং প্রতিষ্ঠান বিনির্মান এই তিনটি বিষয়ে সহায়তা প্রদান করছে। তিনি বিয়াককে প্রদত্ত ইউরোপীয় ইউনিয়ন-এর সমর্থন কার্যকর ও ফলপ্রসূ হওয়ায় সমুষ্টি প্রকাশ করেন। তিনি আশা প্রকাশ করেন শীঘ্রই স্বল্প উন্নত দেশের তালিকা হতে বাংলাদেশের উত্তরণ ঘটবে।

আইএফসির কান্ট্রি ডিরেক্টর কাইল কেলহফার বিয়াক কে একটি অত্যন্ত কার্যকর প্রতিষ্ঠান হিসাবে উল্লেখ করে বলেন যে বিয়াক কে সহায়তা প্রদান করে আইএফসি আনন্দিত। বস্তুত আইএফসি তাদের কার্যক্রমের মধ্যে সফল মডেল হিসাবে প্রায়সই বিয়াকের উল্লেখ করে থাকে। বিয়াক-এ আরবিট্রেশন ও মেডিয়েশন পদ্ধতিতে বিরোধ নিষ্পত্তি বাংলাদেশের ব্যবসা পরিচালনার ব্যয় হ্রাসে ভূমিকা রাখবে। ইন্টারন্যাশনাল ল ইনস্টিটিউট এর প্রতিনিধি কার্লোস ডাভিলা অত্যন্ত ধীমান প্রশিক্ষণার্থী বাছাই করায় বিয়াকের প্রশংসা করেন। প্রশিক্ষণার্থীদের একজন প্রতিনিধি শাহরীনা এম চৌধুরী আরবিট্রেশন বিষয়ে উচ্চমানের প্রশিক্ষণের বন্দোবস্ত করায় বিয়াককে ধন্যবাদ জানান।

সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেট্রোপলিটান চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রীর সভাপতি রোকিয়া এ রহমান। সভাপতির ভাষণে তিনি বলেন বাংলাদেশের আদালতসমূহ মামলায় ভারাক্রান্ত।

In this environment, BIAC is trying to promote business-friendly methods of dispute resolution by creating physical infrastructure and trained manpower, particularly in arbitration and mediation. She thanked the EU and the IFC for extending support to BIAC, and to ILI for providing the training

Training on Negotiation for Foreign Ministry Officials



BIAC organized a day-long training on 18th December 2013 on the "Art of Negotiations" for twelve Foreign Ministry officers of the 29th Batch of the Bangladesh Civil Service (Foreign Affairs). The curriculum of the training was based on trainings conducted in leading universities in the US, but condensed into a one-day event. The training was conducted by BIAC Chief Executive Toufiq Ali. The training was intensive; and there were plenty of exercises to test the skills acquired.

At the close of the training, certificates were handed over to the participants by BIAC Council Chairman Mahbubur Rahman.v

Briefing Session for Electronic Media Journalists

A briefing session for journalists from TV channels was held at BIAC on 3rd December, 2013. The basic purpose was to create awareness of the new approaches to dispute settlement following the establishment of BIAC.

আমাদের আদালত সমূহ গতানুগতিক ধারায় পরিচালিত হয় এবং আধুনিক অর্থনীতিতে ব্যবসা বানিজ্যের জরিফর দাবী পূরণে সক্ষম নয়। এ পরিস্থিতিতে বিয়াক ব্যবসা বান্ধব বিরোধ নিষ্পত্তি পদ্ধতি অনুসরণ এবং আরবিট্রেশন ও মেডিয়েশন বিষয়ে প্রশিক্ষিত জনবল ও সুবিধাদি সৃষ্টিতে মূল্যবান অবদান রাখছে। তিনি বিয়াককে সমর্থন প্রদানে ইউরোপীয় ইউনিয়ন ও আইএফসির ভূমিকার প্রশংসা করেন।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তাদের জন্য নেগোসিয়েশন বিষয়ে প্রশিক্ষণ

বিয়াক গত ১৮ই ডিসেম্বর ২০১৩ তারিখে একদিন ব্যাপী দি আর্ট অব নেগোসিয়েশন বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করে। এ প্রশিক্ষণ কর্মসূচীতে বাংলাদেশ সিভিল সার্ভিস (ফরেন এফেয়ার্স) এর ২৯ তম ব্যাচের ১২ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। যুক্তরাষ্ট্রের প্রখ্যাত বিশ্ববিদ্যালয়সমূহে ব্যবহৃত বিষয়সূচী একদিনের প্রশিক্ষণের জন্য রূপান্তরিত করে এ প্রশিক্ষণ কর্মসূচীর কারিকুলাম নির্ধারণ করা হয়। পুরো প্রশিক্ষণ কর্মসূচীটি সাজানো হয়েছিল বিভিন্ন অনুশীলন দিয়ে যার মাধ্যমে সহজেই অংশগ্রহণকারীগণ নেগোসিয়েশন বিষয়ে তাদের দক্ষতার মাত্রা নির্ণয় করতে পেরেছেন। এ প্রশিক্ষণ কর্মসূচীটি ছিল নিবিড়। অংশগ্রহণকারীগণ এ কর্মসূচীতে বিভিন্ন নেগোসিয়েশন টেকনিক আয়ত্ত্ব করতে সক্ষম হন যা তাদের কর্মজীবনে কার্যকর রূপে ব্যবহার করে উপকৃত হওয়ার সুযোগ সৃষ্টি হয়েছে। প্রশিক্ষণ কর্মসূচীটি পরিচালনা করেন বিয়াকের প্রধান নির্বাহী ড. তৌফিক আলী।

বিয়াক চেয়ারম্যান জনাব মাহবুবুর রহমান প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট প্রদান করে অনুষ্ঠানের সমাপ্তি করেন।

ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকদের জন্য অবহিতকরণ সভা

গত ৩রা ডিসেম্বর ২০১৩ ইং এ বিয়াকের সভাকক্ষে টেলিভিশন চ্যানেলের আইন বিষয়ক সাংবাদিকদের জন্য একটি ব্রিফিং সেশনের আয়োজন করা হয়। এ অনুষ্ঠানের মূল উদ্দেশ্য ছিল বিয়াকের প্রতিষ্ঠায় বিরোধ নিষ্পত্তির নতুন পদ্ধতি সম্পর্কে সচেতনতা সৃষ্টি।

A presentation entitled “BIAC: Promoting Out-of-Court Settlement” was made, followed by Question & Answer Session. The difficulties faced by businesses in settling, through courts, any dispute that may arise in the execution of contracts were highlighted. The financial and other benefits of speedy out-of-court dispute settlement methods like arbitration and mediation for ordinary citizens and private sector were explained. BIAC Council Chairman Mahbubur Rahman also attended the briefing, and interacted with the media representatives.

এ সভায় “BIAC : Promoting Out of Court Settlement” শিরোনামে একটি প্রেজেন্টেশন উপস্থাপন করা হয়। প্রেজেন্টেশনে সাধারণ নাগরিক এবং বেসরকারি খাতের জন্য আরবিট্রেশন ও মেডিয়েশন নামীয় বিরোধ নিষ্পত্তির কার্যকর ও দ্রুত পদ্ধতির বিভিন্ন সুবিধাদি তুলে ধরা হয়। সভায় উপস্থিত ৯টি টেলিভিশন চ্যানেলের প্রতিনিধিগণ উপস্থাপিত বিষয়ের উপর বিভিন্ন প্রশ্ন করে এ বিষয়ে তাদের ধারণা স্বচ্ছতর করেন। বিয়াকের অন্যান্য কর্মকর্তাগণের সাথে বিয়াক কাউন্সিল এর সভাপতি জনাব মাহবুবুর রহমান ও আলোচনায় অংশগ্রহণ করেন।



Arbitration Training date shifted

Due to unavoidable circumstances, BIAC is obliged to shift the dates of ‘Advanced Arbitration Training’ (originally planned for 14-19 December 2013). Watch for the announcement of new dates soon. This Advanced Arbitration Training is organized by Bangladesh International Arbitration Centre (BIAC) in association with experienced trainers from Washington DC-based International Law Institute (ILI). This training is for limited participants. Those who have interest in arbitration will be eligible to apply for the Advanced Arbitration Training.

Trainers: Joseph R. Profaizer and Carlos I. Davila of International Law Institute, Washington DC, USA.

বিয়াকে আরবিট্রেশন বিষয়ে প্রশিক্ষণের তারিখ পরিবর্তন

অনিবার্য কারণ বশত বিয়াকের এডভান্সড আরবিট্রেশন ট্রেনিং (যা ইতিপূর্বে ১৪-১৯ ডিসেম্বর, ২০১৩ এ নির্ধারণ করা হয়েছিল) এর তারিখ পরিবর্তন করা হয়েছে। এ প্রশিক্ষণের নতুন তারিখের জন্য অনুগ্রহপূর্বক অপেক্ষা করুন।

এ প্রশিক্ষণ কর্মসূচীটি বিয়াক এর ব্যবস্থাপনায় ওয়াশিংটনস্থ ইন্টারন্যাশনাল ল ইনস্টিটিউটের অভিজ্ঞ প্রশিক্ষকদের দ্বারা পরিচালিত হবে। এ কর্মসূচীটি সীমিত সংখ্যক প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণে আয়োজিত হবে - যাদের রয়েছে আরবিট্রেশন বিষয়ে আগ্রহ।

প্রশিক্ষকবৃন্দ: জোসেফ আর প্রোফাইজার ও কার্লোস আই ডাবিলা, ইন্টারন্যাশনাল ল ইনস্টিটিউট, ওয়াশিংটন ডিসি, যুক্তরাষ্ট্র।



Beware The Discretionary Choices of Arbitrators **by** **Gus Van Harten***

Investment treaty arbitration has unfolded rapidly in recent years. Some observations arising from analyses of arbitrator awards are highlighted below¹. They support broad conclusions that:

- decision-making power was highly concentrated among the arbitrators;
- the arbitrators typically adopted expansive approaches to their authority, especially where the claimant had the nationality of a major Western capital-exporting state; and
- the arbitrators reviewed a wide range of legislative, executive and judicial decisions but typically did not exercise judicial restraint in various ways associated with domestic or international courts.

First, power was highly concentrated among the arbitrators. For example, from a review of arbitrator resolutions of contested legal issues, it emerged that – of 247 individuals appointed as arbitrators – the 24 most active individuals executed about half of the issue resolutions and tended much more heavily toward approaches that expanded their authority. Other researchers have reported findings that 12 arbitrators were present on 60% of 263 ICSID tribunals and that 15 arbitrators were present on 55% of 247 investment treaty tribunals.

* Gus Van Harten (gvanharten@osgoode.yorku.ca) is an associate professor at Osgoode Hall Law School of York University in Toronto.

¹A detailed report of the findings and methodology is provided in the author's *Sovereign Choices and Sovereign Constraints: Judicial Restraint in Investment Treaty Arbitration* (Oxford: OUP, 2013) and "Arbitrator behaviour in asymmetrical adjudication: An empirical study of investment treaty arbitration" (2012) 50 OHLJ 211.

Second, the field has apparently offered a fertile environment for creative lawyering alongside expansive approaches by arbitrators. This was evident in the resolution of legal issues that involved, for example, the multiplication of corporate nationality as a possible gaming strategy by claimants, the definition of what qualifies as a protected investment, the risk of parallel proceedings, and the meaning of substantive standards including, most notably, indirect expropriation and fair and equitable treatment. The tendency toward claimant-friendly expansive interpretations increased significantly where the claimant was from one of the major Western capital-exporting states, taken to mean the U.S., U.K., France, and Germany.

Third, in virtually all of the 162 cases coded, arbitrators reviewed an executive measure and, in 37% and 44% of cases respectively, the dispute involved a domestic legislative or judicial decision. In at least half of the cases, arbitrators reviewed measures that appeared general in application – in that they affected actors beyond the claimant – as opposed to measures that targeted the claimant specifically. Yet there was little evidence that the arbitrators demonstrated restraint in ways commonly adopted by domestic or international courts. For example, there was little evidence of restraint due to the role of a contractually agreed forum or a treaty-based wait period or fork-in-the-road.

These observations are descriptive, approximate, and subject to important limitations outlined elsewhere. They are presented here to give a sense of how investment treaty arbitration appears to have evolved due to the discretionary choices of arbitrators.

In policy terms, the observations indicate a need for closer scrutiny by a range of actors of how for-profit arbitrators exercise their power absent fulsome review by international or domestic judges. In the meantime, states facing a reasonable prospect of investor claims, or those seeking protection for non-Western investors, should systematically assess their anticipated exposure or protection and the options to avoid downside risks.

An earlier version of this article appeared in the Columbia FDI Perspectives of the Vale Columbia Centre of Columbia University, New York. BIAC thanks Editor-in-Chief Karl Sauvant for facilitating the publication of this article in the BIAC Bulletin.



Bangladesh International Arbitration Centre

The Institution for Alternative Dispute Resolution

SUVASTU TOWER (6th Floor), 69/1, Pantha Path, Dhaka-1205, Bangladesh
Tel: +8802-964-1071; 964-1072; Fax: +964-1074; E-mail: info@biac.org.bd
www.biac.org.bd